গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

**অক্টোবর ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খন্দকার মুদাচ্ছির বিন আলী<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৯ অক্টোবর, ২০২৩ খ্রি.। |
| সভার সময় | : | বেলা- ১২:২০ টা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কুড়িগ্রাম এর কক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

ইনোভেশন টিমের সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রমের বিষয়ে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক জেলা ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য এখনও পাওয়া যায়নি সে সকল উপজেলার ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য আগামী ০৯ নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য ০৯ নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২। | **স্মার্ট কুড়িগ্রাম-২০৪১:**<br>মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা হয়। স্মার্ট কুড়িগ্রাম বিনির্মাণে এ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরকে সেবাপ্রদানে স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরের বিভিন্ন সভা সেমিনারে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে আলোচনা করতে হবে এবং স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করতে হবে। | সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম |
| ৩। | **মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও অন্যান্য সমন্বয় সভায় ইনোভেশন আলোচনা সংক্রান্তঃ**<br>সভায় কুড়িগ্রাম জেলার ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা, জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা, জেলা রাজস্ব সভা, জেলা পর্যায়ের অন্যান্য সভা ও মাসিক স্টাফ মিটিংয়ের আলোচ্যসূচীতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভুক্তকরণ এবং Innovative উদ্ভাবক ও বাস্তবায়নকারীদের প্রণোদনা প্রদান ও উদ্যোগী কর্মকর্তা/কর্মচারীদেরকে বিভিন্ন পর্যায়ে পুরস্কার প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সভাসমূহের আলোচ্যসূচিতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভুক্ত করতে হবে। | ১। অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪। | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ**<br>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ উদ্যোগে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের যন্ত্রপাতি সচল রেখে ক্লাসসমূহ পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবসমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কুড়িগ্রাম।<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম। |
| ৫। | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>কুড়িগ্রাম জেলার সকল দপ্তর/প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ ও হালনাগাদকরণের তথ্য এ কার্যালয়ে নিয়মিত প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া ওয়েব পোর্টালের হ্যাকিং রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | সকল দপ্তর/ প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে ও হালনাগাদকরণের তথ্য এ কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে। ওয়েব পোর্টালের হ্যাকিং রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। দপ্তর/ প্রতিষ্ঠান প্রধান (সকল), কুড়িগ্রাম। |
| ৬। | **সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ**<br>মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। ইনোভেশন কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে গুরুত্বারোপ করে জেলায় বাস্তবায়নাধীন ইনোভেশন প্রকল্পগুলো সফলভাবে এগিয়ে নিতে সকল দপ্তর প্রধানগণকে সক্রিয়ভাবে কাজ করার জন্য সভাপতি অনুরোধ করেন। এই লক্ষ্যে প্রত্যেক দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণপূর্বক এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অফিসে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২) জেলার অন্যান্য সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br>২) জেলার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান। |

পরিশেষে, এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের জন্য উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খন্দকার মুদাচ্ছির বিন আলী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcgkurigram@mopa.gov.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.২৯.০০৩.২৩.১৪৪

তারিখঃ ১৪ কার্তিক, ১৪৩০
৩০ অক্টোবর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................................... (সকল),কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫। ..............................................................
..............................................................

30.10.23

রেদওয়ান ইসলাম
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০২৫৮৯৯-৫০০৪০
ই-মেইলঃ acictkurigram@mopa.gov.bd